# নিরাপদে চাইল্ড সাপোর্ট পাওয়া: আপনার যা জানা উচিত

## আপনার নিরাপত্তা একটি অগ্রাধিকার

শিশুদের জন্য তাদের বাবা-মা উভয়ের কাছ থেকে আর্থিক ও মেডিকেল সহায়তা পাওয়া গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক স্টেটের চাইল্ড সাপোর্ট কর্মসূচি (New York State Child Support Program) বাবা-মায়েদের এবং তাদের সন্তানদের জন্য চাইল্ড সাপোর্ট প্রক্রিয়া যথাসম্ভব নিরাপদ করে তুলতে অঙ্গীকারাবদ্ধ। চাইল্ড সাপোর্ট পরিষেবাসমূহ পাওয়ার জন্য আপনাকে অবশ্যই আপনার নিজের সম্পর্কে, সন্তানদের সম্পর্কে এবং ননকাস্টডিয়াল বাবা বা মা সম্পর্কে তথ্য প্রদান করতে হবে। নিচের পদক্ষেপগুলো সম্পর্কে পড়ার সময় আপনি এই প্রক্রিয়ার ফলে দেখা দিতে পারে এমন নিরাপত্তা সংক্রান্ত যেকোনো উদ্বেগের কথা চিন্তা করতে পারেন এবং আপনার চাইল্ড সাপোর্ট কর্মীর সঙ্গে সেগুলো নিয়ে আলোচনা করতে পারেন।

### বাবা-মায়ের আইনি পরিচয় প্রতিষ্ঠা করা

যদি বাবা-মায়ের আইনি পরিচয় প্রতিষ্ঠিত না হয়ে থাকে, তাহলে আমরা আপনাকে পারিবারিক আদালতে একটি পিটিশন দায়ের করতে সাহায্য করবো। বাবা-মা উভয়কে অবশ্যই প্রকৃত তথ্য ও মামলার পরিস্থিতি সম্পর্কে সাক্ষ্য প্রদানের জন্য আদালতের শুনানিতে উপস্থিত থাকতে হবে, যেটি সরাসরি উপস্থিতির মাধ্যমে বা ভার্চুয়ালভাবে হতে পারে।

### সাপোর্ট প্রতিষ্ঠা করা

আমরা আপনাকে পারিবারিক আদালতে একটি চাইল্ড সাপোর্ট পিটিশন দায়ের করতে সাহায্য করবো। আপনার জন্য এই আদালতের শুনানিতে উপস্থিত থাকাও আবশ্যক হতে পারে। চাইল্ড সাপোর্ট অর্ডারের পরিমাণ নির্ধারণের জন্য বাবা-মা উভয়ের আয় ও ব্যয় উপস্থাপন ও ব্যবহার করা হবে।

### সাপোর্ট সংগ্রহ করা

বাবা বা মায়ের পে-চেক থেকে আদালতের আদেশকৃত চাইল্ড সাপোর্ট পেমেন্ট কর্তন করা এবং সেই পেমেন্ট পাঠানোর জন্য ননকাস্টডিয়াল বাবা বা মায়ের নিয়োগকর্তা একটি ইনকাম উইথহোল্ডিং অর্ডার পাবেন। যদি কোনো নিয়োগকর্তার ব্যাপারে জানা না থাকে, তাহলে ননকাস্টডিয়াল বাবা বা মায়ের কাছে একটি মাসিক বিলিং বিবৃতি ডাকযোগে পাঠিয়ে দেওয়া হয় এবং তিনি সরাসরি চাইল্ড সাপোর্ট প্রক্রিয়াকরণ সেন্টারের কাছে পেমেন্ট পাঠিয়ে দিতে বাধ্য থাকবেন।

### পরিমার্জন

যদি কোনো কিছু পরিবর্তন হয়, তাহলে আপনি অথবা ননকাস্টডিয়াল বাবা বা মা পারিবারিক আদালতের কাছে শিশুদের চাহিদা অথবা বাবা-মায়ের আয় পরিবর্তন হওয়ার কারণে বিদ্যমান আদেশ পরিবর্তনের অনুরোধ জানিয়ে একটি পিটিশন দায়ের করতে পারেন।

### সাপোর্টের জন্য আইনের প্রয়োগ

যদি ননকাস্টডিয়াল বাবা বা মা পেমেন্ট মিস করেন, তাহলে নির্দিষ্ট কিছু শর্ত পূরণ হলে আইন প্রয়োগের পদক্ষেপ গ্রহণ করা হয়। এসব পদক্ষেপের মধ্যে ফেডারেল ও স্টেটের কর রিফান্ড, লটারি জয়ের অর্থ, ব্যাংক অ্যাকাউন্ট, এবং ব্যক্তিগত আঘাতপ্রাপ্তির জন্য পাওয়া সেটেলমেন্ট বাজেয়াপ্ত করা; ক্রেডিট এজেন্সিগুলোর কাছে ঋণ সম্পর্কে রিপোর্ট করা; ড্রাইভার লাইসেন্স স্থগিত করা; এবং যুক্তরাষ্ট্রের পাসপোর্ট প্রদানে অস্বীকৃতি জানানো, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

### জীবনযাপনের ব্যয় সমন্বয় করা (Cost of Living Adjustment, COLA)

কমপক্ষে দুই বছরের পুরোনো চাইল্ড সাপোর্ট আদেশ COLA পর্যালোচনার জন্য উপযুক্ত হবে। এই পর্যালোচনা আদালতে যাওয়া ছাড়াই ননকাস্টডিয়াল বাবা বা মায়ের জন্য পরিশোধ করা আবশ্যক চাইল্ড সাপোর্টের পরিমাণ বৃদ্ধি করতে পারে।

# চাইল্ড সাপোর্ট চাওয়ার সময় নিরাপদ থাকা

আপনাকে নিরাপদে চাইল্ড সাপোর্ট পরিষেবাসমূহ অ্যাক্সেস করতে সাহায্য করার জন্য চাইল্ড সাপোর্ট কর্মসূচি এবং পারিবারিক আদালতের কাছে উপায় রয়েছে।

- আদালতের শুনানিতে সরাসরি উপস্থিত হওয়ার পরিবর্তে ভিডিও বা টেলিফোনের মাধ্যমে সাক্ষ্য প্রদানের জন্য অনুরোধ জানান।
- আদালতকে আপনার অবস্থান, বাসস্থান, বা নিয়োগকর্তার কথা প্রকাশ না করতে বলুন। আদালত কোনো শুনানির আগে, শুনানির সময়, এবং শুনানির পরে আপনার শারীরিক নিরাপত্তার জন্য বাড়তি সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করতে পারে, যার মধ্যে আদালতের কর্মকর্তাদের উপস্থিত থাকার বিষয়টিও অন্তর্ভুক্ত রয়েছে।
- পিটিশন, নোটিশ, বা অন্য আবশ্যক আর্থিক ডিসক্লোজার থেকে আপনার অবস্থান/বাসস্থান বা নিয়োগকর্তার তথ্য সরিয়ে ফেলুন। সব ফরম থেকে আপনার ঠিকানা বাদ দেওয়া গেলেও চাইল্ড সাপোর্ট সংস্থা অথবা যে আদালত আদেশ জারি করেছে তার কাউন্টির নাম গোপন করা সম্ভব নয়।
- বাবা-মায়ের আইনি পরিচয় প্রতিষ্ঠার জন্য জিনগত পরীক্ষার জন্য আপনার ল্যাবরেটরি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি অন্য বাবা বা মায়ের চেয়ে ভিন্ন কোনো সময়ে নির্ধারণ করার জন্য অনুরোধ করুন।
- কিভাবে সুরক্ষা সংক্রান্ত আদেশ পেতে হবে সে সম্পর্কে আপনাকে পরামর্শ প্রদান।

# সরকারি সুযোগ-সুবিধা এবং চাইল্ড সাপোর্ট

যদি আপনি সরকারি সহায়তার জন্য আবেদন করেন অথবা পেয়ে থাকেন, তাহলে আপনার জন্য চাইল্ড সাপোর্ট কর্মসূচির সঙ্গে সহযোগিতা করা আবশ্যক হতে পারে; তবে, যদি আপনার নিজের এবং/অথবা শিশুদের নিয়ে নিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ থাকে তাহলে সেই আবশ্যিকতা পরিবর্তন বা অপসারণ হতে পারে। এসব কর্মসূচি নিরাপদে অ্যাক্সেস করতে সাহায্য করার জন্য কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে তা আপনার চাইল্ড সাপোর্ট বা সরকারি সহায়তা কর্মী ব্যাখ্যা করতে পারবেন।

**আপনি যেকোনো সময় নিরাপত্তা সংক্রান্ত তথ্য আপডেট করতে পারবেন।** এমনকি যদি আপনি আপনার চাইল্ড সাপোর্ট বা সরকারি সহায়তা কর্মীকে আপনার কোনো নিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ না থাকার কথা জানিয়ে থাকেন, তবুও অবস্থার পরিবর্তন ঘটতে পারে — এবং আমরা আপনাকে নিরাপদ থাকতে সাহায্য করতে চাই।

যদি আপনার নিরাপত্তা সম্পর্কে তাৎক্ষণিকভাবে কারো সঙ্গে কথা বলার প্রয়োজন হয়, তাহলে এখানে যোগাযোগ করুন:

**নিউ ইয়র্ক স্টেটের ঘরোয়া ও যৌন সহিংসতা বিষয়ক হটলাইন**

Text
**844-997-2121**

কল করুন
**800-942-6906**

চ্যাট
**OPDV.NY.GOV**

ঘরোয়া বা যৌন সহিংসতার সম্মুখীন হওয়া, সংস্থান বা তথ্য পেতে চাওয়া, অথবা নিজেদের অস্বাস্থ্যকর সম্পর্কের বিষয়ে প্রশ্ন তোলা যেকোনো ব্যক্তির সঙ্গে গোপনে কথা বলার জন্য উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত আইনজীবীদেরকে 24/7/365 পাওয়া যাবে।

কোন বিষয়গুলো পারিবারিক, ঘরোয়া, ও যৌন সহিংসতার আওতাভুক্ত সে সম্পর্কে আরো তথ্য জানতে এবং কী কী সংস্থান পাওয়া যাবে তা জানতে, https://opdv.ny.gov/about-domestic-violence এবং www.nycourts.gov/CourtHelp/Safety/DVindex.shtml ওয়েবসাইট দেখুন।

আপনার নিকটবর্তী কোনো স্থানীয় ঘরোয়া সহিংসতা সেবা প্রদানকারী খুঁজে নিতে ভিজিট করুন: https://opdv.ny.gov/domestic-violence-service-providers।

**আরো তথ্যের জন্য, এখানে স্ক্যান করুন:**

NEW YORK STATE | Child Support

নিউ ইয়র্ক স্টেটের অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্স-এর একটি কর্মসূচি